CITIZEN CHARTER

সিটিজেন চার্টার (নাগরিক অধিকার সনদ)

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ
মিরপুর রোড, ঢাকা।

হেল্প ডেস্ক ঃ ফোন # ০২-৮৬১৩৪৬৭, ০২-৯৬৭২১১০, ফ্যাক্স ঃ ০২-৯৬৭২৪২৩,
ইমেইল ঃ **ttcdhaka@yahoo.com**

প্রতিষ্ঠান পরিচিতি ঃ

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ ঢাকা বাংলাদেশে মাধ্যমিক স্তরে শিক্ষক প্রশিক্ষণ ও শিক্ষা ক্ষেত্রে মানব সম্পদ তৈরীতে বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রনালয়ের অধীনস্থ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা'র অন্যতম গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। শ্রেণীকক্ষে প্রতিফলন উপযোগী প্রয়োজনীয় শিক্ষন দক্ষতায় বিদ্যালয় শিক্ষকদের প্রশিক্ষিত ও সমৃদ্ধ করার লক্ষ্য নিয়ে ঢাকার আর্মানিটোলায় ১৯০৯ সালে তৎকালীন ইংরেজ আমলে সরকারীভাবে প্রতিষ্ঠিত হয় উপমহাদেশের শিক্ষক প্রশিক্ষণের পথিকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠান **"টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা"** এবং ১৯০৯-১৯১০ শিক্ষাবর্ষে এটি মাত্র ১২ জন প্রশিক্ষণার্থী নিয়ে এক বছর ব্যাপী প্রশিক্ষণ 'ব্যাচেলর অব টিচিং (BT)' এবং ছয় মাসব্যাপী প্রশিক্ষণ 'লাইসেন্সিয়েট অব ট্রেইনিং (LT)' কোর্স শুরু করে। ১৯৫৬ সন থেকে দশ মাস ব্যাপী প্রশিক্ষণ 'ব্যাচেলর অব এডুকেশন (B.Ed)' কোর্স প্রবর্তিত হয়।

নতুন অবস্থান বর্তমান ধানমন্ডিতে পরবর্তীতে ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে দশমাস ব্যাপী এম.এড প্রশিক্ষণ এবং ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে দেশে মধ্যম সারির শিক্ষা বিশেষজ্ঞ তৈরীর লক্ষ্য নিয়ে চার বছরব্যপী 'শিক্ষা (সম্মান)' কোর্স চালু করা হয়। পরবর্তীতে ২০০৫-২০০৬ শিক্ষা বর্ষ থেকে 'ব্যাচেলর অব এডুকেশন' (বি.এড) এক বছরব্যপী এবং ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষ থেকে মাস্টার অব এডুকেশন (এম.এড) এক বছর ব্যাপী কোর্সে রূপান্তরিত হয়।

জাতীয় প্রেক্ষাপট ও সময়ের প্রয়োজনে সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা এর বর্তমান প্রশাসনিক, একাডেমিক কাঠামো এবং ভৌত অবকাঠামো গড়ে ওঠেছে। সময়ের সাথে সাথে শিক্ষকদের প্রশিক্ষণে নতুন নতুন বিষয়ে কর্মকালীন সংক্ষিপ্ত প্রশিক্ষণও এ প্রতিষ্ঠানটি বর্তমানে পরিচালনা করছে।

অত্র কলেজটি প্রশাসনিকভাবে বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রনালয়ের অধীনস্থ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা'র নিয়ন্ত্রণাধীন একটি শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠান। একাডেমিক দিক থেকে কলেজটি জাতীয় বিশ্ববিদ্যালয়ে অধিভূক্ত। কলেজটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন শিক্ষায় বিএড, এমএড, সম্মান ও এসটিসি কোর্স পরিচালনা করে।

কলেজটির প্রশাসনিক ও একাডেমিক প্রধান নির্বাহীর পদবী হচ্ছে 'অধ্যক্ষ'। কলেজ অধ্যক্ষের সার্বিক তত্ত্বধানে ৪৯ জন কর্মকর্তার পদ রয়েছে। উপাধ্যক্ষ (০১ জন), সহযোগী অধ্যাপক শিক্ষা (০১ জন), বিষয়ভিত্তিক সহকারী অধ্যাপক (১৯ জন, এর মধ্যে বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার ভূক্ত ১৪ জন, বিজ্ঞান উন্নয়ন প্রকল্পের ০৫ জন, প্রভাষক (২৫ জন, এর মধ্যে বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার ভূক্ত ১৫ জন, এসইডিপি প্রকল্প হতে রাজস্ব খাতে ১০ জন)

বর্তমানে কলেজে ৪৯ জন প্রথম শ্রেণীর , বিভিন্ন শ্রেনীর ৪৬ জন টি ননগেজেটেড কর্মকর্তা ও কর্মচারীসহ সর্বমোট ৯৫ টি অনুমোদিত পদ রয়েছে। এর মধ্যে সরকাটি টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা-এর জন্য ৫৭ টি, মাধ্যমিক শিক্ষা উন্নয়ন প্রকল্পের অধীনে ১২ টি, জাতীয় মাধ্যমিক শিক্ষা ও বিজ্ঞান উন্নয়ন কেন্দ্রের অধীনে ২৬ টি পদ রয়েছে।

১ (ক) ভিশন ঃ

মাধ্যমিক শিক্ষার গুণগত মানোন্নয়নে শিক্ষক প্রশিক্ষণ ও শিক্ষা ক্ষেত্রে দক্ষ মানব সম্পদ তৈরী করা।

১ (খ) মিশনঃ

১. জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এক বছর মেয়াদী প্রশিক্ষণ 'ব্যাচেলর অব এডুকেশন (B.Ed)' কোর্স পরিচালনা।

২. জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এক বছর মেয়াদী প্রশিক্ষণ 'মাস্টার অব এডুকেশন (M.Ed)' কোর্স পরিচালনা।

৩. শিক্ষা ক্ষেত্রে মধ্যম সারির দক্ষ ও বিশেষজ্ঞ মানব সম্পদ তৈরীতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চার বছর মেয়াদী শিক্ষা সম্মান কোর্স পরিচালনা।

৪. মাধ্যমিক স্তরে প্রশিক্ষিত ও দক্ষ শিক্ষক তৈরীতে কর্মকালীন সংক্ষিপ্ত মেয়াদী (যেমন ১৪ দিন ব্যাপী, ২১ দিন ব্যাপী ইত্যাদি)শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা।

৫. বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের দূর শিক্ষণে বিএড ও এমএড কোর্স পরিচালনায় টিউটেরিয়াল কেন্দ্র হিসাবে কাজ করা।

৬. মন্ত্রণালয়সহ বিভিন্ন সংস্থা/ব্যক্তির চাহিদা মত শিক্ষা বিষয়ক তথ্য ও উপাত্ত প্রদান করা ।

৭. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে অর্পিত দায়িত্ব পালন করা।

৮. অভ্যন্তরীন দাপ্তরিক কাজ সম্পাদন করা।

২. এক নজরে সেবা সমূহঃ-

শিক্ষা মন্ত্রণালয়ের অধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতায় সরকারি টিচার্স ট্রেনিং কলেজ ঢাকা-এর প্রদত্ত সেবাসমূহ নিম্নরূপ

- কর্মরত শিক্ষক ও অশিক্ষক প্রশিক্ষণার্থীদের এক বছর মেয়াদী বি.এড (ব্যাচেলর অব এডুকেশন) প্রশিক্ষণ কোর্স ।
- শিক্ষক ও অশিক্ষক প্রশিক্ষণার্থীদের এক বছর মেয়াদী এম.এড (মাস্টার্স অব এডুকেশন) প্রশিক্ষণ কোর্স।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্ত শিক্ষার্থীদের জন্য চার বছর মেয়াদী বি.এড অনার্স কোর্স।
- টিচিং কোয়ালিটি ইমপ্রুভমেন্ট ইন সেকেন্ডারী এডুকেশন প্রোগ্রাম (টিকিউআই-সেপ) এর অধীনে ০৩ মাস ব্যাপী STC (Secondary Teaching Certificate) কোর্স এবং মাধ্যমিক পর্যায়ের কর্মরত শিক্ষকদের ১৪ দিন মেয়াদী (মাধ্যমিক বিদ্যালয়ের বিভিন্ন বিষয়) ও ২১ দিন মেয়াদী Continuous Professional Development (CPD) (ইংরেজি) প্রশিক্ষণ।
- Unicef –এর সহায়তায় LSBE (Life Skills Based Education) ০৫ দিন মেয়াদী প্রশিক্ষণ কোর্স।
- ইএলটিপি প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রমে সহায়তা প্রদান।
- আন্তর্জাতিক মানের কলেজ মিলনায়তনে শিক্ষা বিষয়ক বিভিন্ন কর্মশালা, সেমিনার, ওয়ার্কশপ আয়োজনে বিভিন্ন প্রতিষ্ঠানকে সহায়তা প্রদান।
- শিক্ষা গবেষক ও প্রশিক্ষণার্থীদের জন্য সমৃদ্ধ গ্রন্থাগার সেবা ও প্রয়োজনীয় তথ্য প্রদান।
- প্রশিক্ষণার্থীবৃন্দের অভিভাবকদের চাহিদা মোতাবেক তথ্য প্রদান।
- প্রশিক্ষণার্থীদের জন্য প্রয়োজনীয় আবাসন সেবা।

৩.অত্র কলেজের সেবা গ্রহীতা ঃ

- বাংলাদেশ সরকারের শিক্ষা সংশি-   ষ্ট সংস্থা সমূহ,
- প্রশিক্ষণার্থী ঃ-(ক) শিক্ষক (খ) অশিক্ষক ।
- শিক্ষার্থী - সম্মান শ্রেণীর শিক্ষার্থীবৃন্দ এবং তাদের অভিভাবক বৃন্দ।
- মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক ।
- মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থী ।
- সরকারী ও বেসরকারী পর্যায়ের মাধ্যমিক স্ড়রের প্রতিষ্ঠান সমূহ।
- শিক্ষা গবেষক বৃন্দ।

৪. প্রদেয় সেবা সমূহের বিবরণীঃ-

ক্রঃনং	কার্যক্রম	সেবাগ্রহণকারী স্টেক হোল্ডার	সেবা প্রদানের সময়সীমা	সেবা প্রদানে নিয়োজিত ব্যক্তি
১.	জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন বি.এড (ব্যাচেলর অব এডুকেশন) শ্রেণীতে প্রশিক্ষণার্থী ভর্তির কর্মকান্ড পরিচালনা (ভর্তির আবেদন পত্র গ্রহণ, আবেদন পত্র যাচাই বাছাই, ভর্তির প্রবেশপত্র প্রদান, ভর্তি পরীক্ষা গ্রহণ, পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন, ফলাফল প্রকাশ, প্রশিক্ষণার্থীদের ভর্তি করণ।	ব্যাচেলর ডিগ্রীধারী বা সম্মান ডিগ্রীধারী যে কোন ব্যক্তি তবে বয়স ৪০ এর উর্ধ্বে নয় এবং ডিগ্রী পর্যায়ে পর্যন্ড় অন্ড়ত দুটি পর্যায়ে সর্বনিম্ন ২য় বিভাগ।	আবেদন পত্র গ্রহণ ও প্রবেশপত্র প্রদান প্রতিবছর এপ্রিল থেকে জুন মাস পর্যন্ড়।	অধ্যক্ষ,উপাধ্যক্ষ এবং বি.এড ভর্তি কমিটির আহবায়ক, সদস্যবৃন্দ ও কর্মচারীবৃন্দ।
২.	জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন মাস্টার্স ইন এডুকেশন (এম.এড) শ্রেণীতে প্রশিক্ষণার্থী ভর্তির কর্মকান্ড পরিচালনা (ভর্তির আবেদন পত্র গ্রহণ, আবেদনপত্র যাচাই বাছাই, প্রবেশপত্র প্রদান, ভর্তি পরীক্ষা গ্রহণ, উত্তরপত্র মূল্যায়ন, ফলাফল প্রকাশ, যোগ্য প্রার্থীকে ভর্তি করণ ইত্যাদি।	ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রীধারী যে কোন ব্যক্তি যাদের বয়স ৪০ এর উর্ধ্বে নয়।	আবেদন পত্র গ্রহণ ও প্রবেশপত্র প্রদান প্রতিবছর এপ্রিল থেকে জুন মাস পর্যন্ড়।	অধ্যক্ষ,উপাধ্যক্ষ এবং এম.এড ভর্তি কমিটির আহবায়ক, সদস্যবৃন্দ ও কর্মচারীবৃন্দ।
৩.	জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন শিক্ষায় সম্মান (অনার্স ইন এডুকেশন) শ্রেণীর ১ম বর্ষে শিক্ষার্থী ভর্তির কর্মকান্ড পরিচালনা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ ও ভর্তি করণ।	উচ্চ মাধ্যমিক পাশ শিক্ষার্থী এবং উক্ত পরীক্ষা পাশের ০২ বছরের মধ্যে ভর্তি হতে হবে ।	জানুয়ারি থেকে মার্চ	অধ্যক্ষ,উপাধ্যক্ষ এবং অনার্স ভর্তি পরীক্ষা কমিটির আহবায়ক, সদস্যবৃন্দ ও কর্মচারীবৃন্দ।
৪.	বি.এড, এম.এড শ্রেণীতে ভর্তি হওয়া নতুন প্রশিক্ষণার্থীদের দিক নির্দেশনা প্রদান সিলেবাস ও বার্ষিক কর্মপরিকল্পনা অবহিতকরণ এবং ক্লাস উদ্বোধন।	বি.এড এম.এড শ্রেণীর প্রশিক্ষণার্থীবৃন্দ।	১লা জুলাই।	অধ্যক্ষ, উপাধ্যক্ষ, ভর্তি কমিটির সদস্য ও অন্যান্য শিক্ষক প্রশিক্ষকবৃন্দ এবং অধ্যক্ষের অফিস
৫.	বি.এড শ্রেণীতে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও বাস্ড়বায়ন।	বি.এড প্রশিক্ষণার্থী।	১লা জুলাই- ৩০জুন	বি.এড শ্রেণীতে পাঠদানকারী শিক্ষক প্রশিক্ষকবৃন্দ
৬.	এম.এড শ্রেণীর প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও বাস্ড়বায়ন ।	এম.এড প্রশিক্ষণার্থীবৃন্দ।	১লা জুলাই- ৩০জুন	এম.এড শ্রেণীতে পাঠদানকারী শিক্ষক প্রশিক্ষকবৃন্দ
৭.	বি.এড (অনার্স) শ্রেণীতে পাঠদান কার্যক্রম পরিচালনা ও বাস্ড়বায়ন	বি.এড (অনার্স) শ্রেণীর শিক্ষার্থীবৃন্দ।	১লা জুলাই- ৩০জুন	বি.এড অনার্স শ্রেণীতে পাঠদানকারী প্রশিক্ষকবৃন্দ
৮.	বি.এড, এম.এড ও অনার্স শ্রেণীর প্রত্যেকটির জন্য শ্রেণীশিক্ষক নিয়োগ ও শ্রেণীশিক্ষক কর্তৃক প্রশিক্ষণার্থীদের সার্বিক সেবা প্রদান	বি.এড, এম.এড শ্রেণীর প্রশিক্ষণার্থী ও বি.এড অনার্স শ্রেণীর শিক্ষার্থীবৃন্দ।	১লা জুলাই- ৩০জুন	বি.এড, এম.এড ও বি.এড অনার্স শ্রেণীতে পাঠদানকারী শিক্ষক প্রশিক্ষকবৃন্দ
৯.	প্রশিক্ষণার্থী ও শিক্ষার্থীদের প্রতিভা প্রদর্শনী অনুষ্ঠান পরিচালনা ও	বি.এড, এম.এড শ্রেণীর প্রশিক্ষণার্থী ও বি.এড অনার্স	আগস্ট মাস	প্রতিভা প্রদর্শনী অনুষ্ঠান কমিটির সদস্যবৃন্দ

ক্রঃনং	কার্যক্রম	সেবাগ্রহণকারী স্টেক হোল্ডার	সেবা প্রদানের সময়সীমা	সেবা প্রদানে নিয়োজিত ব্যক্তি
	প্রতিভা বিকাশের সুযোগ সৃষ্টি করণ।	শ্রেণীর শিক্ষার্থীবৃন্দ।		
১০.	সহ-পাঠক্রমিক কার্যাবলী পরিচালনা কমিটি গঠন ও তাদের কার্যাবলী সম্পর্কে ধারণা প্রদান ও বাস্ড়বায়ন।	বি.এড, এম.এড শ্রেণীর প্রশিক্ষণার্থী ও বি.এড অনার্স শ্রেণীর শিক্ষার্থীবৃন্দ।	আগস্ট মাস	নির্বাচন কমিশনার, নির্বাচন কমিটির সদস্যবৃন্দ, শ্রেণীশিক্ষকগণ ও অন্যান্য শিক্ষক প্রশিক্ষকগণ।
১১.	কলেজের শিক্ষার্থীদের অভ্যন্ড়রীণ মূল্যায়নের লক্ষ্যে ১ম সাময়িক ও ২য় সাময়িক পরীক্ষা পরিচালনা, উত্তর পত্র মূল্যায়ন ও ফলাফল প্রকাশ, সংরক্ষণ এবং যথাসময়ে জাতীয় বিশ্বদ্যিালয়ে প্রেরণ।	বি.এড, এম.এড শ্রেণীর প্রশিক্ষণার্থী ও বি.এড অনার্স শ্রেণীর শিক্ষার্থীবৃন্দ।	সেপ্টেম্বর-অক্টোবর এবং মার্চ-এপ্রিল।	অধ্যক্ষ,উপাধ্যক্ষ এবং ১ম সাময়িক ও ২য় সাময়িক পরীক্ষার আহ্বায়ক, সদস্যবৃন্দ ও শিক্ষক প্রশিক্ষকবৃন্দ।
১২.	পাঠদান অনুশীলন বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সাথে মতবিনিময় সভা পরিচালনা এবং উক্ত কার্যক্রম বাস্ড়বায়নের লক্ষ্যে পরামর্শ গ্রহণ।	বি.এড প্রশিক্ষণার্থী ও বি.এড (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী	অক্টোবর মাস	অধ্যক্ষ, উপাধ্যক্ষ, পাঠদান অনুশীলন কমিটির আহবায়ক ও সদস্যবৃন্দ
১৩.	পাঠদান প্রদর্শন কার্যক্রম পরিচালনা ও বাস্ড়বায়ন।	বি.এড প্রশিক্ষণার্থী ও বি.এড (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী	অক্টোবর মাস	পাঠদান অনুশীলন কমিটি ও নৈর্বাচনিক বিষয়ের শিক্ষক প্রশিক্ষকবৃন্দ
১৪.	১ম ধাপ পাঠদান অনুশীলন কার্যক্রম শুর“, প্রশিক্ষণার্থীদের বিদ্যালয়ে অবস্থান ও প্রশিক্ষকদের বিদ্যালয়ে অবস্থান করে পর্যবেক্ষণ	বি.এড প্রশিক্ষণার্থী ও বি.এড (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী	অক্টোবর-নভেম্বর	পাঠদান অনুশীলন কমিটি ও সকল শিক্ষক প্রশিক্ষকবৃন্দ
১৫.	অভ্যন্ড়রীন মূল্যায়নের অংশ হিসাবে উপস্থিতি পর্যালোচনা, ক্লাস টেস্ট গ্রহণ ও অ্যাসাইনমেন্ট গ্রহণ এবং মূল্যায়ন।	বি.এড ও এম.এড প্রশিক্ষণার্থী এবং বি.এড (সম্মান) এর শিক্ষার্থীবৃন্দ।	জুলাই-এপ্রিল	সকল শিক্ষক প্রশিক্ষকবৃন্দ
১৬.	জাতীয় দিবস সমূহে (বিজয় দিবস, স্বাধীনতা দিবস, আন্ড়র্জাতিক মাতৃভাষা দিবস) আলোচনাসভা পরিচালনা ।	বি.এড ও এম.এড প্রশিক্ষণার্থী এবং বি.এড (সম্মান) এর শিক্ষার্থীবৃন্দ।	১৬ ডিসেম্বর, ২৬ মার্চ, ২১ ফেব্রুয়ারী,	সকল শিক্ষক, প্রশিক্ষক, প্রশিক্ষণার্থী ও শিক্ষার্থীবৃন্দ
১৭.	বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা	বি.এড ও এম.এড প্রশিক্ষণার্থী এবং বি.এড (সম্মান) এর শিক্ষার্থীবৃন্দ।	জানুয়ারী	বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক কমিটি এবং শিক্ষক, প্রশিক্ষক বৃন্দ
১৮.	বার্ষিক বনভোজন / শিক্ষাসফর ব্যবস্থাপনা	বি.এড ও এম.এড প্রশিক্ষণার্থী এবং বি.এড (সম্মান) এর শিক্ষার্থীবৃন্দ। কর্মকর্তা বৃন্দ।	জানুয়ারী	বনভোজন /শিক্ষাসফর কমিটি
১৯.	অভ্যন্ড়রীন ক্রীড়াপ্রতিযোগিতা উদ্বোধন ও পরিচালনা	বি.এড ও এম.এড প্রশিক্ষণার্থী এবং বি.এড (সম্মান) এর শিক্ষার্থীবৃন্দ ও কর্মকর্তাবৃন্দ।	জানুয়ারী	অভ্যন্ড়রীন ক্রীড়া কমিটি
২০.	বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা উদ্বোধন ও পরিচালনা	বি.এড ও এম.এড প্রশিক্ষণার্থী এবং বি.এড (সম্মান) এর শিক্ষার্থীবৃন্দ ও কর্মকর্তাবৃন্দ।	জানুয়ারী	বার্ষিক ক্রীড়া কমিটি ও শিক্ষক প্রশিক্ষকবৃন্দ
২১.	২য় ধাপ পাঠদান কার্যক্রমে পরিচালিত প্রশিক্ষণার্থীদের ও	বি.এড শ্রেণীর প্রশিক্ষণার্থী ও বি.এড সম্মান ৪র্থ বর্ষের	ফেব্র“য়ারী- এপ্রিল পর্যন্ড়	অধ্যক্ষ ও উপাধ্যক্ষের নেতৃত্বে পাঠদান অনুশীলন

ক্রঃনং	কার্যক্রম	সেবাগ্রহণকারী স্টেক হোল্ডার	সেবা প্রদানের সময়সীমা	সেবা প্রদানে নিয়োজিত ব্যক্তি
	শিক্ষার্থীদের বিভিন্ন পাঠদান,পাঠ পরিকল্পনা ও অ্যাসাইনমেন্ট মূল্যায়ন	শিক্ষার্থীরা		কমিটি ও শিক্ষক প্রশিক্ষকবৃন্দ
২২.	বার্ষিক নাটকের অভিনেতা অভিনেত্রী নির্বাচন, নাটক পরিচালনা ও মঞ্চায়ন	সকল শিক্ষার্থী ও প্রশিক্ষণার্থী	জানুয়ারী-এপ্রিল/মে	বার্ষিক নাটক পরিচালনা কমিটি
২৩.	বার্ষিক মিলাদ মাহফিল ব্যবস্থাপনা	সকল শিক্ষার্থী ও প্রশিক্ষণার্থী	এপ্রিল	বার্ষিক মিলাদ কমিটি
২৪.	জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বি.এড ও এম.এড এবং বি.এড সম্মান শ্রেণীর চূড়ান্ড় পরীক্ষা পরিচালনা	বি.এড ও এম.এড কোর্সের প্রশিক্ষণার্থী এবং বি.এড সম্মান শ্রেণীর শিক্ষার্থী	জুন	চূড়ান্ড় পরীক্ষা কমিটি সকল শিক্ষক প্রশিক্ষক ও কর্মচারীবৃন্দ
২৫.	বি.এড কোর্সের চূড়ান্ড় পাঠদান অনুশীলন ও মৌখিক পরীক্ষা পরিচালনা	বি.এড প্রশিক্ষণার্থী	জুন	পাঠদান অনুশীলন কমিটি ও শিক্ষক প্রশিক্ষক বৃন্দ
২৬.	জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন অন্যান্য কেন্দ্রে বহিঃ পরীক্ষক হিসাবে চূড়ান্ড় পাঠদান মূল্যায়ন ও মৌখিক পরীক্ষা গ্রহণ।	অন্যান্য শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠানের বি.এড ও এম.এড শ্রেণীর প্রশিক্ষণার্থীবৃন্দ	জুন	টিচার্স ট্রেনিং কলেজের সহযোগী অধ্যাপক সহকারী অধ্যাপক ও প্রভাষকবৃন্দ
২৭.	জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন বি.এড, এম.এড ও বি.এড অনার্সের চূড়ান্ড় পরীক্ষা সমূহের উত্তরপত্র নিরীক্ষণ।	বি.এড, এম.এড ও বি.এড (অনার্স) শ্রেণীর প্রশিক্ষণার্থী ও শিক্ষার্থীবৃন্দ এবং জাতীয় বিশ্ববিদ্যায়।	জুলাই, আগষ্ট ও সেপ্টেম্বর	শিক্ষক প্রশিক্ষকবৃন্দ
২৮.	TQI-SEP অধীন STC সেকেন্ডারী টিচিং সার্টিফিকেট) প্রশিক্ষণ	বি.এড বিহীন মাধ্যমিক শিক্ষক	৩ মাস ব্যাপী	অধ্যক্ষ,উপাধ্যক্ষ এবং শিক্ষক প্রশিক্ষকবৃন্দ STC কমিটির সদস্যবৃন্দ ও বিষয় সংশি- ষ্ট শিক্ষক প্রশিক্ষকবৃন্দ
২৯.	TQI-SEP এর অর্থায়নে মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের বাংলা, গণিত, জীববিজ্ঞান, সামাজিক বিজ্ঞানে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ পরিচালনা।	মাধ্যমিক পর্যায়ে কর্মরত শিক্ষকবৃন্দ ও TQI-SEP	প্রতি কোর্সের মেয়াদকাল ১৪ দিন	অধ্যক্ষ,উপাধ্যক্ষ এবং CPD সমন্বয় কমিটির সদস্যবৃন্দ ও বিষয় সংশি- ষ্ট শিক্ষক প্রশিক্ষকবৃন্দ।
৩০.	TQI-SEP এর অর্থায়নে মাধ্যমিক পর্যায়ের ইংরেজী শিক্ষকদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ পরিচালনা।	মাধ্যমিক পর্যায়ে কর্মরত শিক্ষকবৃন্দ ও TQI-SEP	প্রতি কোর্সের মেয়াদকাল ২১ দিন	অধ্যক্ষ,উপাধ্যক্ষ এবং CPD (ইংরেজি) কমিটির সদস্যবৃন্দ ও ইংরেজি বিষয়ে শিক্ষক প্রশিক্ষকবৃন্দ
৩১.	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর সাথে সমন্বয় ও প্রয়োজনীয় তথ্য সরবরাহ	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	সারা বছর ব্যাপী	অধ্যক্ষের নেতৃত্বে শিক্ষক প্রশিক্ষকবৃন্দ এবং অফিস
৩২.	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর উম্মুক্ত বিশ্ববিদ্যালয় TQI-SEP বা অন্য কোন প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রশিক্ষণ, কর্মশালা, মিটিং ইত্যাদিতে অংশগ্রহণ।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান	যে কোন সময়	অধ্যক্ষ, উপাধ্যক্ষ, শিক্ষক প্রশিক্ষকবৃন্দ
৩৩.	উম্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীন এক	উম্মুক্ত বিশ্ববিদ্যালয় ও এর	(ক) দুই বৎসর ব্যাপী বি.এড মাসের দ্বিতীয় ও	অধ্যক্ষ, উপাধ্যক্ষ, শিক্ষক

ক্রঃনং	কার্যক্রম	সেবাগ্রহণকারী স্টেক হোল্ডার	সেবা প্রদানের সময়সীমা	সেবা প্রদানে নিয়োজিত ব্যক্তি
	ও দুই বৎসর ব্যাপী বি.এড কোর্সের ক্লাস পরিচালনা	বি.এড শ্রেণীর শিক্ষার্থীবৃন্দ	৪র্থ শুক্রবার। (খ) এক বৎসর ব্যাপী বি.এড মাসের প্রতি শুক্রবার।	প্রশিক্ষকবৃন্দ
৩৪.	উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীন বি.এড শ্রেণীর সেমিস্টার ফাইনাল পরীক্ষার কেন্দ্র ব্যবস্থাপনা ও সামার / উইনটার স্কুল পর্যবেক্ষণ ও মূল্যায়ন।	উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও এর বি.এড শ্রেণীর শিক্ষার্থীবৃন্দ	জুন ও ডিসেম্বর	অধ্যক্ষ, উপাধ্যক্ষ, শিক্ষক প্রশিক্ষকবৃন্দ
৩৫.	জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন সার্টিফিকেট, মার্কশীট উত্তোলনের পূর্বে শিক্ষার্থীকে প্রত্যয়ন পত্র প্রদান	পূর্বের সকল শিক্ষার্থী, প্রশিক্ষণার্থী ও জাতীয় বিশ্ববিদ্যালয়	পূর্ণবছর ব্যাপী	অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও অফিস
৩৬.	অর্থ অধিদপ্তরকে পরবর্তী বছরের সম্ভাব্য বাজেট পেশ।	অর্থ অধিদপ্তর	ফেব্রুয়ারী	অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও অফিস
৩৭.	বি.এড, এম.এড ও বি.এড (অনার্স) শ্রেণীর পাঠ্যক্রম পরিবর্তনের প্রয়োজনে জাতীয় বিশ্ববিদ্যালয়ে সুপারিশ প্রেরণ ও নতুন পাঠ্যক্রম তৈরীতে সর্বাত্নক সহায়তা প্রদান।	জাতীয় বিশ্ববিদ্যালয়	যে কোন সময়ে	অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও শিক্ষক প্রশিক্ষকবৃন্দ
৩৮.	বি.এড, এম.এড ও বি.এড (অনার্স) শ্রেণীর প্রশিক্ষণার্থী ও শিক্ষার্থীদের এবং সংক্ষিপ্ত প্রশিক্ষণে আগত শিক্ষকদের আবাসনের সুব্যবস্থাপনার লক্ষ্যে ০৩ টি হোস্টেল পরিচালনা।	বি.এড, এম.এড ও বি.এড (অনার্স) শ্রেণীর প্রশিক্ষাণার্থী ও শিক্ষার্থীগণ CPD, STC –এর প্রশিক্ষণার্থীগণ।	পূর্ণ বছর ব্যাপী	অধ্যক্ষ, উপাধ্যক্ষ, হোস্টেল সুপারবৃন্দ ও হোস্টেলে নিয়োজিত কর্মচারীগণ।
৩৯.	সুষ্ঠু সমন্বয় সাধনের লক্ষ্যে তথ্য হালনাগাদ করার লক্ষ্যে ব্যানবেইসে প্রয়োজনীয় তথ্য সরবরাহ।	ব্যানবেইস		অধ্যক্ষের নেতৃত্বে শিক্ষক প্রশিক্ষকবৃন্দ ও অফিস
৪০.	বার্ষিক ম্যাগাজিন প্রকাশ	সকল শিক্ষার্থী ও প্রশিক্ষণার্থী	ফেব্রুয়ারী-জুন	অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও ম্যাগাজিন কমিটির সদস্যবৃন্দ
৪১.	অডিটোরিয়াম ব্যবহারের সেবা প্রদান	শিক্ষা অধিদপ্তরের অধীন যে কোন শাখা ও প্রকল্প		অধ্যক্ষ ও উপাধ্যক্ষ
৪২.	মাঠ ব্যবহারের সেবা প্রদান	বিভিন্ন বিদ্যালয়		অধ্যক্ষ ও উপাধ্যক্ষ

৫.অভিযোগ ও নিস্পত্তি ঃ

আমরা সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়ার প্রতিশ্রুতি জ্ঞাপন করছি। এ ছাড়া অভিযোগসমূহ কলেজ কার্যালয়ে অবস্থিত নির্দিষ্ট বক্সেও ফেলা যেতে পারে।

কোন সেবা প্রাপ্তি বা যথাযথ সেবা না পেলে বা কোন অভিযোগ থাকলে নিম্নোক্ত কর্মকর্তা/কার্যালয়ে যোগাযোগ করা যাবে।

ক. প্রাথমিক পর্যায়ঃ প্রধান সহকারী/হিসাব রক্ষক কলেজ কার্যালয়।

খ. দ্বিতীয় পর্যায়ঃ সংশি- ষ্ট বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।

গ. তৃতীয় পর্যায়ঃ উপাধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, মিরপুর রোড, ঢাকা।

ঘ. চতুর্থ পর্যায়ঃ অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, মিরপুর রোড, ঢাকা।

টেলিফোন নং-০২-৮৬১৩৪৬৭, ফ্যাক্স নং-০২-৯৬৭২৪২৩।

৬. সেবা গ্রহণকারীদের কাছে প্রত্যাশা ঃ

সার্বিক প্রত্যাশা ঃ

বাংলাদেশের শিক্ষা ক্ষেত্রে গুণগত মানোন্নয়নের মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরী হবে। এর জন্য যোগ্যতা সম্পন্ন শিক্ষক ও শিক্ষা সংশি- ষ্ট মধ্যম মানের বিশেষজ্ঞ তৈরী হয়ে জাতি গঠনে বিশেষ অবদান রাখবে।

ক. নিয়মিত কোর্সের (সম্মান, বিএড, এমএড) প্রশিক্ষণার্থীবৃন্দের নিকট হতেঃ

১. অত্র কলেজে অধ্যয়নরত সকল প্রশিকক্ষণার্থীবৃন্দ কলেজের ভিতরে এবং বাহিরে সকল নিয়ম নীতি মেনে চলবে।
২. শিক্ষা কার্যক্রমে নিয়মিত উপস্থিত হবে।
৩. তাদের উপর অর্পিত কাজ যথাসময়ে পালন করবে।
৪. কোনরূপ অপ্রীতিকর বিষয়ের সাথে জড়িত হবে না।
৫. প্রশিক্ষণ পরবর্তী সময়ে প্রশিক্ষণের অভিজ্ঞতা বাস্ড়বে প্রয়োগ করবে।

খ. জাতীয় বিশ্ববিদ্যালয় ও বাউবি এর নিকট ঃ

১. একাডেমিক কার্যক্রম পরিচালনায় সর্বাত্নক সহযোগিতা প্রদান করবে।
২. একাডেমিক কোর্স সমূহের গুণগত মানোন্নয়ন ও কারিকুলাম উন্নয়নে অত্র কলেজের অভিজ্ঞ শিক্ষক মন্ডলীর প্রদত্ত সুপারিশ গ্রহণ করবে।
৩. সময়মত সকল ধরণের তথ্য কলেজকে প্রদান করবে।

গ. সংক্ষিপ্ত কোর্সে অংশগ্রহণকারী মাধ্যমিক স্ড়রের শিক্ষকদের কর্মকালীন প্রশিক্ষণের প্রশিক্ষণার্থীবৃন্দের নিকট হতেঃ

১. অত্র কলেজে সংক্ষিপ্ত মেয়াদের প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী মাধ্যমিক স্ড়রের শিক্ষকবৃন্দ কলেজের ভিতরে এবং বাহিরে সকল নিয়ম নীতি মেনে চলবে।
২. প্রশিক্ষণ কার্যক্রমে নিয়মিত উপস্থিত হবে।
৩. তাদের উপর অর্পিত কাজ যথাসময়ে পালন করবে।
৪. কোনরূপ অপ্রীতিকর বিষয়ের সাথে জড়িত হবে না।
৫. প্রশিক্ষণ পরবর্তী সময়ে কর্মকালীন প্রশিক্ষণের অভিজ্ঞতা বিদ্যালয়ে ফিরে গিয়ে বাস্ড়বে প্রয়োগ করবে।

ঘ. কলেজ সংশি- ষ্ট বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান ও সংস্থা হতে ঃ

১. সরকারী উর্ধ্বতন প্রতিষ্ঠান হতে কলেজ উন্নয়নে সহায়তা লাভ করবো।
২. কলেজের প্রয়োজনকে গুর"ত্ব প্রদান করবে।
৩. প্রয়োজনীয় প্রশাসনিক সহায়তা প্রদান করবে।
৪. কলেজ উন্নয়নে প্রয়োজনীয় অবকাঠামোর উন্নয়নে সহয়তা প্রদান করবে।
৫. কলেজের কম্পিউটার ল্যাব সহ অন্যান্য রক্ষণাবেক্ষণে আর্থিক বরাদ্দ প্রদান সহ প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

যোগাযোগ ঃ

অধ্যক্ষ সরকারি টিচার্স ট্রেনিং কলেজ মিরপুর রোড, ঢাকা। টেলিফোন নং-০২-৮৬১৩৪৬৭ ফ্যাক্স নং-০২-৯৬৭২৪২৩ ইমেইল ঃ ttcdhaka@yahoo.com	উপাধ্যক্ষ সরকারি টিচার্স ট্রেনিং কলেজ মিরপুর রোড, ঢাকা। টেলিফোন নং-০২-৯৬৭২১১০ ফ্যাক্স নং-০২-৯৬৭২৪২৩ ইমেইল